

ফিরো না ফিরো না আজি- এসেছ দুয়ারে ।
শূন্য প্রাণে কোথা যাও শূন্য সংসারে ॥
আজ তাঁরে যাও দেখে, হৃদয়ে আনো গো ডেকে-
অমৃত ভরিয়া লও মরমমাঝারে ॥
শুদ্ধ প্রাণ শুদ্ধ রেখে কার পানে চাও ।
শূন্য দুটো কথা শুনে কোথা চলে যাও ।
তোমার কথা তাঁরে কয়ে তাঁর কথা যাও লয়ে-
চলে যাও তাঁর কাছে রাখি আপনারে ॥

Parjaay: Puja O Prarthana, Taal: Tritaal, Raag: Ramkeli
Visit www.geetabitan.com for notation and other detail